# রক্তের অক্ষরে লেখা

জুলাই প্রতিবেদন

জুলাই গণ-অভ্যুত্থানের পর মধ্য আগস্ট থেকে অভ্যুত্থানের শহীদদের নিয়ে সংবাদ সংগ্রহ শুরু করে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)। বাসসের ঢাকা কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জেলা সংবাদদাতারা সরেজমিনে শহীদ পরিবার, শহীদদের বন্ধু, সহযোদ্ধাদের সঙ্গে কথা বলে সংবাদ পাঠাতে শুরু করেন। গণ-অভ্যুত্থানের সময় যে প্রেরণা নিয়ে শহীদরা ফ্যাসিবাদ ও কর্তৃত্ববাদবিরোধী লড়াইয়ে ঝাঁপিয়ে পড়েছিলেন তা অনুধাবন করতে, শহীদ পরিবারগুলোর গভীর দুঃখ ও মর্মবেদনা শব্দ ও বাক্যের মাধ্যমে তুলে ধরতে চেষ্টা করেছেন বাসসের প্রতিবেদকেরা। ফলে এই প্রতিবেদনগুলোর ছত্রে ছত্রে সংবাদের সঙ্গে লিপিবদ্ধ হয়েছে অশ্রু, আর্তনাদ, হতাশা, ক্ষোভ ও বিলাপ। শহীদরা রক্তের অক্ষরে গণ-অভ্যুত্থানের যে পরিণতি লিখে গিয়েছেন তা আমরা তুলে ধরার চেষ্টা করেছি। তবে এই কাজ পরিশ্রম ও সময়সাধ্য। গত ১১ মাসে নিয়মিত কাজের পাশাপাশি আমাদের প্রতিবেদকরা শহীদদের বিষয়ে সংবাদ সংগ্রহের কাজ অব্যাহত রেখেছেন। আমরা ৪৫০ জন শহীদকে নিয়ে এ পর্যন্ত বাংলা ও ইংরেজি ভাষায় ৮৯০টি প্রতিবেদন প্রকাশ করেছি। সে প্রতিবেদনগুলো থেকে বাছাই করে এখানে ১৩৯টি প্রতিবেদন প্রকাশ করা হলো। বাসস শহীদদের নিয়ে সংবাদ সংগ্রহ ও প্রকাশের কাজ অব্যাহত রেখেছে। আগামীতে এ ধরনের সংকলন আরও প্রকাশিত হবে বলে আমরা আশা রাখছি।

রক্তের অক্ষরে লেখা
জুলাই প্রতিবেদন

BSS